# পরিচালনা পর্ষদের প্রতিবেদন (খসড়া)

বিসমিল্লাহির রাহমানির রাহিম

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,**
**আসসালামু আলাইকুম।**

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর ১৫তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আপনাদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমি আনন্দের সাথে ২০২৩-২৪ অর্থবছরের কোম্পানির সার্বিক কার্যক্রম, নিরীক্ষিত চূড়ান্ত হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন আপনাদের সামনে উপস্থাপন করছি।

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,**
সরকারি সিদ্ধান্তে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উদ্যোগে পেট্রোবাংলার অধীন কোম্পানিগুলোকে সুষমকরণের মাধ্যমে গ্যাস শিল্পের বিকাশ এবং গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ১১ নভেম্বর ২০০৮ তারিখে সাবেক বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেডকে পুনর্গঠন করে 'কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)' গঠন করা হয়। এরই ধারাবাহিকতায় 'কোম্পানি আইন-১৯৯৪' এর আওতায় পেট্রোবাংলার অধীনে ৮ ফেব্রুয়ারি ২০১০ তারিখে 'কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)' নামে এই কোম্পানি চট্টগ্রামস্থ রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস-এ নিবন্ধিত হয়। জুলাই ২০১০ হতে কেজিডিসিএল এর রাজস্ব আদায় কার্যক্রম শুরু হয় এবং ৮ সেপ্টেম্বর ২০১০ তারিখে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়। কোম্পানির বিপণন ও রাজস্ব কার্যক্রম বৃদ্ধির পাশাপাশি বিভিন্ন খাতে কাঙ্ক্ষিত সাফল্য অর্জনের মাধ্যমে কেজিডিসিএল বাংলাদেশের অর্থনীতি ও আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। আমি আনন্দের সাথে ঘোষণা করছি যে, কোম্পানি ২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন খাতে ৬,৫৮৬.৭৯ কোটি টাকার গ্যাস বিক্রয় করে ৪৫৯.৬৮ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জনে সক্ষম হয়েছে। অর্জিত মুনাফা হতে লভ্যাংশ বাবদ ৯০.০০ কোটি টাকা এবং আয়কর বাবদ ১৪৮.২৮ কোটি টাকাসহ সর্বমোট ২৩৮.২৮ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়াও সরবরাহকারীর বিল হতে উৎসে কর্তনকৃত আয়কর (TDS) বাবদ ২৩০.৫৫ কোটি টাকা এবং ভ্যাট বাবদ ৩.০৩ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। ভবিষ্যতেও মুনাফা অর্জনের ধারা অব্যাহত থাকবে বলে আশা করা যায়।

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,**
আমি এ পর্যায়ে ২০২৩-২৪ অর্থবছরে কোম্পানির বিপণন, আর্থিক ও অপারেশনাল কার্যক্রমের উপর পরিচালনা পর্ষদের প্রতিবেদন আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি।

## ১.বিপণন কার্যক্রম

### ১.১ গ্রাহক সংযোগ:

সরকারি সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গৃহস্থালি ও বাণিজ্যিক খাতে নতুন/বর্ধিত গ্যাস সংযোগ বন্ধ রয়েছে। শিল্প ও ক্যাপটিভ পাওয়ার শ্রেণিতে আলোচ্য অর্থবছরে ১২টি (শিল্প-৮, ক্যাপটিভ পাওয়ার-৩, মিটার ভিত্তিক আবাসিক-১) নতুন গ্যাস সংযোগ প্রদান করা হয়েছে এবং বিভিন্ন শ্রেণিতে ২৩৭টি (আবাসিক-১৮৫, শিল্প-০৮, বাণিজ্যিক-৪৪) সংযোগ স্থায়ী বিচ্ছিন্ন করা হয়েছে। বর্তমানে কোম্পানিতে মোট গ্রাহক সংযোগ সংখ্যা **৫,৯৭,৬৪১** টি। কোম্পানিতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত বিভিন্ন শ্রেণিভুক্ত গ্রাহক সংযোগের বিবরণ 'সারণি-১' এ উল্লেখ করা হয়েছে:

**সারণি-১: শুরু থেকে ৩০ জুন ২০২৪ পর্যন্ত গ্রাহক শ্রেণিভিত্তিক সংযোগ বিবরণী**

| ক্রম | গ্রাহক শ্রেণি | সংযোগ/গ্রাহক সংখ্যা |
|---|---|---|
| ১। | গৃহস্থালি | ৫,৯৫,২৬৩ |
| ২। | বাণিজ্যিক | ১,৪৯৪ |
| ৩। | শিল্প | ৬৩৭ |
| ৪। | ক্যাপটিভ পাওয়ার | ১৭১ |
| ৫। | সিএনজি | ৬৫ |
| ৬। | বিদ্যুৎ | ৫ |
| ৭। | সার | ৪ |
| ৮। | চা বাগান | ২ |
| | মোট = | ৫,৯৭,৬৪১ |

**১.২ গ্যাস ক্রয় :**

কোম্পানি ২০২৩-২৪ অর্থবছরে ২,৮৭৪.০০ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২,৮৫৫.৬৫ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয় করেছে। ২০২৩-২৪ অর্থবছরে সরকারি মালিকানাধীন গ্যাস ক্ষেত্রসমূহ থেকে ৭.০৫ মিলিয়ন ঘনমিটার গ্যাস এবং ২,৮৪৮.৬০ মিলিয়ন ঘনমিটার এলএনজি ক্রয় করা হয়েছে। সরকারি ও এলএনজি থেকে গ্যাস ক্রয়ের অনুপাত ০.২৫ : ৯৯.৭৫।

**১.৩ গ্যাস বিক্রয় :**

কোম্পানি ২০২৩-২৪ অর্থবছরে ২,৮৭৪.০০ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২,৭৮৫.০২ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয় করেছে। গ্যাস বিক্রয়ের মাধ্যমে ৫,৭৭০.২৫ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে ৫,৩৪৩.২৭ কোটি টাকা আয় করেছে। উক্ত অর্থবছরে ২,৮৫৫.৬৫ মিলিয়ন ঘনমিটার গ্যাস ক্রয়ের বিপরীতে ২,৭৮৫.০২ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রয়ের ফলে ২.৪৭% সিস্টেম লস হয়েছে। 'সার' শ্রেণির গ্রাহক সর্বোচ্চ ২১.৩৯% গ্যাস ব্যবহার করেছে। আলোচ্য অর্থবছরে গ্রাহক শ্রেণিভিত্তিক গ্যাস বিক্রয়ের পরিসংখ্যান সারণি-২ -এ উল্লেখ করা হয়েছে :

**সারণি-২: ২০২৩-২৪ ও ২০২২-২৩ অর্থবছরে গ্রাহক শ্রেণিভিত্তিক গ্যাস বিক্রয়ের তুলনামূলক বিবরণ**

| গ্রাহক শ্রেণি | ২০২৩-২৪ অর্থবছর | | | গ্রাহক শ্রেণিভিত্তিক গ্যাস ব্যবহারের হার (%) | ২০২২-২৩ অর্থবছর | | প্রবৃদ্ধি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বিক্রয়ের লক্ষ্যমাত্রা | প্রকৃত বিক্রয় | | | প্রকৃত বিক্রয় | | | |
| | এমএমসিএম | এমএমসিএম | মূল্য (কোটি টাকা) | | এমএমসিএম | মূল্য (কোটি টাকা) | কোটি টাকা | শতকরা হার (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮= (৪-৭) | ৯ |
| সার | ৬৭৩.০০ | | | ২১.৩৯ | ৫৯৫.৮৩ | ১,৩৬০.২২ | | |
| ক্যাপটিভ পাওয়ার | ৫৮৯.৬৬ | | | ২০.৫৪ | ৫৭২.০৮ | ১,২০০.৩১ | | |
| শিল্প (বৃহৎ) | ৫১০.২৯ | | | ১৭.৯১ | ৪৯৮.৭১ | ৯৪২.৮৯ | | |
| বিদ্যুৎ | ৪৯৭.০০ | | | ১৮.৭৬ | ৫২২.৪৭ | ৪৮৩.২৮ | | |
| গৃহস্থালি | ৪১৯.৯১ | | | ১৪.৯২ | ৪১৫.৬৩ | ৭৪৭.১০ | | |
| সি.এন.জি. ফিড গ্যাস | ১৫০.৩৮ | | | ৫.৩৪ | ১৪৮.৬১ | ৫২০.১৫ | | |
| বাণিজ্যিক: হোটেল এন্ড রেস্টুরেন্ট | ৩২.৮৬ | | | ১.১২ | ৩১.১২ | ৮৮.৬৪ | | |
| চা বাগান | ০.৯০ | | | ০.০২ | ০.৫৭ | ০.৬৮ | | |
| শিল্প (ক্ষুদ্র ও কুটির) | - | | | - | - | - | | |
| শিল্প (মাঝারি) | - | | | - | - | - | | |
| মোট= | ২,৮৭৪.০০ | | | ১০০.০০ | ২,৭৮৫.০২ | ৫,৩৪৩.২৭ | | |

## ২. ভিজিল্যান্স কার্যক্রম

**২.১ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন ও পুনঃসংযোগ কার্যক্রম :**

কেজিডিসিএল এর আওতাধীন এলাকায় অবৈধ গ্যাস সংযোগ, অবৈধ পাইপলাইন নির্মাণ, অননুমোদিত সরঞ্জামে গ্যাস ব্যবহার ও গ্যাস কারচুপি ইত্যাদি বিষয়গুলো পরিদর্শন টীম কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক গ্যাস বিপণন নিয়মাবলী/গ্যাস আইন ২০১০ এর আলোকে ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া কোম্পানির ভিজিল্যান্স টীম কর্তৃক নিয়মিতভাবে বিভিন্ন শ্রেণির গ্রাহকের আঙ্গিনা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে গ্রাহক কর্তৃক গ্যাস ব্যবহারে কোন অনিয়ম পরিলক্ষিত হলে গ্যাস বিপণন নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হয়। অবৈধ গ্যাস ব্যবহারকারী কর্তৃক গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রমে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হলে নির্বাহী ম্যাজিস্ট্রেট, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিগণের সহায়তায় গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণসহ নিয়ম অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

**২০২৩-২০২৪ অর্থবছরে কেজিডিসিএল এর সংযোগ বিচ্ছিন্নকরণের তথ্যাদি নিম্নোক্ত ছকে প্রদর্শন করা হলঃ**

| গ্রাহক শ্রেণি | পরিদর্শনের সংখ্যা | মোট সংযোগ বিচ্ছিন্ন সংখ্যা | | |
|---|---|---|---|---|
| | | বকেয়া/ অন্যান্য | অবৈধ কার্যক্রম | মোট |
| শিল্প/ক্যাপটিভ | ৮৪৩ | ৩২ | ০৭ | ৩৯ |
| সিএনজি | ১১২ | -- | ০১ | ০১ |
| বাণিজ্যিক | ১৩১০ | ৭৫ | ১৭ | ৯২ |
| আবাসিক | ৩৩১২ | ৮৬৭ | ১১৫ | ৯৮২ |
| মোট | ৫৫৭৭ | ৯৭৪ | ১৪০ | ১১১৪ |

## (৩)আর্থিক ও রাজস্ব কার্যক্রম :


এ পর্যায়ে আমি কোম্পানির ২০২৩-২৪ অর্থবছরের আর্থিক ও রাজস্ব কার্যক্রমের বিস্তারিত বিবরণ আপনাদের অবগতি ও বিবেচনার জন্য উপস্থাপন করছি।

**৩.১ গ্যাস ক্রয় ও ক্রয় সংশ্লিষ্ট ব্যয় :**

| উৎপাদন/সরবরাহকারী কোম্পানি | ২০২৩-২৪ | ২০২২-২৩ |
|---|---|---|
| | মূল্য (কোটি টাকা) | মূল্য (কোটি টাকা) |
| এলএনজি চার্জ | ৪,৩৪৮.৬৮ | ৩,৪৬৪.৩৫ |
| এলএনজি'র ভ্যাট | ৭১৫.৪৪ | ৫৮২.৯৮ |
| আইওসি (ভ্যাটসহ) | ৪৯৬.৩৩ | ৫১৫.৬৯ |
| বাপেক্স (ভ্যাটসহ) | ৬.৫৬ | ৩.৭৩ |
| (ক) মোট গ্যাস ক্রয় | ৫,৫৬৭.০১ | ৪,৫৬৬.৭৫ |

| অন্যান্য | ২০২৩-২৪ | ২০২২-২৩ |
|---|---|---|
| | মূল্য (কোটি টাকা) | মূল্য (কোটি টাকা) |
| জ্বালানি নিরাপত্তা তহবিল | ১২৫.৩৪ | ১২৬.৯১ |
| গ্যাস উন্নয়ন তহবিল | ১২১.৮৫ | ১২৩.৫২ |
| ট্রান্সমিশন চার্জ | ২৯১.৮৬ | ১৩৬.১১ |
| পেট্রোবাংলা চার্জ | ১৯.৬১ | ৯.৩৫ |
| আরপিজিসিএল-<br>এলএনজি অপারেশনাল চার্জ | ২৯.৮৪ | ১৪.২৪ |
| বিইআরসি গবেষণা তহবিল | ৮.৬১ | ৮.৫৭ |
| (খ) মোট অন্যান্য | ৫৯৭.১১ | ৪১৮.৭ |
| (গ) সর্বমোট (ক+খ) | ৬,১৬৪.১২ | ৪,৯৮৫.৪৫ |

(২০২৩-২৪ এর জন্য এরকম গ্রাফ করতে হবে)



**৩.২ নিট মুনাফা :**

২০২৩-২০২৪ অর্থবছরে কোম্পানির করপূর্ব মুনাফা হয়েছে ৪৫৯.৬৮ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে এর পরিমাণ ছিল ৩৭৪.১০ কোটি টাকা অর্থাৎ আলোচ্য অর্থবছরে মুনাফা বৃদ্ধি পেয়েছে ৮৫.৫৮ কোটি টাকা, যা পূর্ববর্তী বছরের তুলনায় ২২.৮৮% বেশি। মুনাফার হিসাব নিচের ছকে প্রদর্শন করা হলো :

**মুনাফার হিসাব বিবরণী**

| বিবরণ | | কোটি টাকা |
|---|---|---|
| আয় | গ্যাস বিক্রয় খাতে আয় (অন্যান্য অপারেশনাল আয়সহ) | ৬,৭২৩.২১ |
| | অন্যান্য খাতে আয় | ৮৯.৪৯ |
| | **(ক) মোট আয়** | **৬,৮১২.৭০** |
| ব্যয় | গ্যাস ক্রয় সংশ্লিষ্ট ব্যয় | ৬,১৬৪.১২ |
| | পরিচালনা ও অন্যান্য ব্যয় | ১৬৪.৭১ |
| | **(খ) মোট ব্যয়** | **৬,৩২৮.৮৩** |
| **(গ) BPPF পূর্ব মোট মুনাফা (ক-খ)** | | ৪৮৩.৮৭ |
| (ঘ) BPPF | | ২৪.১৯ |
| **করপূর্ব মুনাফা (গ-ঘ)** | | **৪৫৯.৬৮** |

### ৩.৩ এ্যাকাউন্টস রিসিভেবল :

৩০-০৬-২০২৩ তারিখে প্রাপ্য বকেয়া গ্যাস বিলের পরিমাণ মোট ১,৫৫৭.৯১ কোটি টাকা, তন্মধ্যে সরকারি খাতে ৭৫৯.৪৬ এবং বেসরকারি খাতে ৭৯৮.৪৫ কোটি টাকা বকেয়া রয়েছে যা ২.৮৬ মাসের বিলের সমতুল্য। গ্রাহক শ্রেণিভিত্তিক এ্যাকাউন্টস রিসিভেবল এর বিশদ বিবরণ সারণি-৫ এ উল্লেখ করা হয়েছে:

সারণি-৫: ৩০-০৬-২০২৩ তারিখে এ্যাকাউন্টস রিসিভেবল বিবরণী (হিসাব; কোটি টাকায়)

| ক্রম | গ্রাহক শ্রেণি | ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে এ্যাকাউন্টস রিসিভেবল (কোটি টাকায়) | মাসিক গড় বিক্রয় (তিন মাসের বিক্রয় এর ভিত্তিতে) (কোটি টাকায়) | সমপরিমাণ বকেয়া মাস/যত মাসের সমতুল্য বকেয়া |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ = (৩/৪) |
| ১। | **বিদ্যুৎ** | | | |
| | সরকারি | ৪৩৭.৮৫ | ৮৩.৯৫ | ৫.২২ |
| | বেসরকারি | ২৫.২৭ | ১১.৫০ | ২.২০ |
| ২। | **ক্যাপটিভ পাওয়ার** | | | |
| | সরকারি | ১৯.৯৯ | ৩.৭৮ | ৫.২৯ |
| | বেসরকারি | ২৫১.৩৮ | ১২৭.৭১ | ১.৯৭ |
| ৩। | **সার** | | | |
| | সরকারি (CUFL, TSP & DAP) | ২৪১.৬৩ | ১১.৯৯ | ২০.১৫ মাসের সমপরিমাণ। জুন ২০২২ মাসে বিইআরসি কর্তৃক ট্যারিফ বৃদ্ধির কারণে সিইউএফএল (বিসিআইসি) সারের বর্তমান রেইট ১৬.০০ টাকার স্থলে পূর্বের রেইট ৪.৪৫ টাকা হারে বিল পরিশোধ করে। |
| | বেসরকারি (KAFCO) | ৯৯.২৪ | ৭৫.৮৩ | ১.৩১ |
| ৪। | **শিল্প** | | | |
| | সরকারি | ২৭.০৩ | ৭.৮১ | ৩.৪৬ |
| | বেসরকারি | ১৯১.২০ | ১০৭.৯৪ | ১.৭৭ |
| ৫। | **বাণিজ্যিক** | | | |
| | সরকারি | ০.০০৭০ | ০.০০৫৯ | ১.১৯ |
| | বেসরকারি | ১৯.২৩ | ৭.০৮ | ২.৭২ |
| ৬। | **চা বাগান** | | | |
| | সরকারি | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | বেসরকারি | ০.০৯ | ০.০৫ | ১.৮০ |
| ৭। | **সিএনজি** | | | |
| | সরকারি (চট্টগ্রাম সিটি করপোরেশন) | ২.৪১ | ০.২৫ | ৯.৬৪ |
| | বেসরকারি | ৯৪.৭২ | ৪৪.৯৬ | ২.১১ |
| ৮। | **আবাসিক** | | | |
| | সরকারি | ৩০.৫৪ | ৪.২৫ | ৭.১৯ |
| | বেসরকারি | ১১৭.৩২ | ৫৮.৩৪ | ২.০১ |
| ৯। | **সর্বমোট=** | **১,৫৫৭.৯১** | **৫৪৫.৪৫** | **২.৮৬** |
| **৩০-০৬-২০২৩ তারিখে এ্যাকাউন্টস রিসিভেবল এর সরকারি ও বেসরকারি বিভাজন** | | | | |
| ১০। | সরকারি | ৭৫৯.৪৬ | ১১২.০৪ | ৬.৭৮ |
| ১১। | বেসরকারি | ৭৯৮.৪৫ | ৪৩৩.৪১ | ১.৮৪ |
| ১২। | **সর্বমোট (১০+১১)=** | **১,৫৫৭.৯১** | **৫৪৫.৪৫** | **২.৮৬** |

## ৪.ডিজিটালাইজেশন কার্যক্রম

ক) কোম্পানির ইআরপি সফট্ওয়্যার ও অনলাইন বিলিং সফট্ওয়্যারে নিম্নোক্ত কাজ সমূহ সম্পন্ন করা হয়েছেঃ

- Complain Management System প্রস্তুত করা হয়েছে। এ সিস্টেমে অনলাইন পোর্টাল হতে কেজিডিসিএল এর গ্রাহকগণ অভিযোগ করতে পারবেন এবং একইসাথে পোর্টাল হতে স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের অনলাইন রেজিস্টার্ড মোবাইল নম্বর এ এসএমএস প্রাপ্তির মাধ্যমে গ্রাহক তার অভিযোগ যাচাই বাছাই সংক্রান্ত তথ্য দেখতে পারবেন।
- মিটারবিহীন আবাসিক গ্রাহকদের ম্যানুয়েল বিল পোস্টিং কার্যক্রম ERP software এ আওতাভুক্ত করা হয়েছে।
- গ্রাহক পোর্টালে গ্রাহকের বিল আদায় সংক্রান্ত যাবতীয় তথ্যাদি দেখার ব্যবস্থাপনা করা হয়েছে।
- গ্রাহক পোর্টালে গ্রাহকের প্রত্যয়ন পত্র সংগ্রহের ব্যবস্থাপনা করা হয়েছে।
- কেজিডিসিএল এর সাথে নতুন ০৪টি অনলাইন ব্যাংক/এমএফএস (EkPay, HSBC, mCASH, IBBL) এর অনলাইন বিলিং কালেকশন এর নিমিত্ত অনলাইন সার্ভার এ API ইন্টিগ্রেশনের কাজ সম্পন্ন হয়েছে। উল্লেখিত ব্যাংকগুলো বর্তমানে অনলাইন কালেকশন কার্যক্রম শুরু করেছে।
- বর্তমানে মিটার ক্যালিব্রেশন সংক্রান্ত কাজের রিপোর্ট ম্যানুয়ালি/প্রচলিত পদ্ধতির পরিবর্তে ERP software এ মিটার ক্যালিব্রেশন মডিউল প্রস্তুত করতঃ রিপোর্ট জেনারেট এর ব্যবস্থাপনা করা হয়েছে।
- Security Deposit মডিউলের আপগ্রেডেশনের কাজ সম্পন্ন হয়েছে। গ্রাহকের জামানত সংক্রান্ত সকল কার্যক্রম উক্ত মডিউলের মাধ্যমে সম্পাদন করা যাবে।
- সকল শ্রেণির গ্রাহকের অনলাইনে একাধিক মাসের বিল একত্রে জেভি সমন্বয়ের নিমিত্ত Multimonth JV মডিউল প্রস্তুত করা হয়েছে। ফলে কোম্পানির রাজস্ব শাখা কর্তৃক একাউন্টিং ব্যবস্থাপনা অনুযায়ী গ্রাহকের পূর্ববর্তী বিল সমন্বয়ের প্রক্রিয়া সহজতর হয়েছে। একইসাথে নাগরিকবৃন্দ/সেবা গ্রহীতাগণ এবং প্রতিষ্ঠান প্রত্যাশিত সুফল লাভ করবে।

**খ) ২০২৪-২০২৫ অর্থবছরের সম্পাদিতব্য কর্মকান্ড:**

- মিটারযুক্ত আবাসিক পোস্টপেইড গ্রাহকদের প্রিপেইড ক্যাটাগরিতে রূপান্তর সংক্রান্ত মডিউল ডেভেলপমেন্ট এর কাজ চলমান রয়েছে।
- বর্তমানে MIS সংক্রান্ত কার্যক্রম ম্যানুয়ালি সম্পাদন করা হচ্ছে। উক্ত কার্যক্রমকে ডিজিটাইজেশনের লক্ষ্যে ERP software এ MIS Module এর ডেভেলপমেন্ট এর কাজ চলমান রয়েছে।
- গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম, মিটার রিডিং এন্ট্রি কার্যক্রম, গ্রাহকের তালিকা ও তথ্য দেখা ইত্যাদি কার্যাদি মোবাইল অ্যাপস এর মাধ্যমে বাস্তবায়নের জন্য মোবাইল অ্যাপস এর ডেভেলপমেন্ট এর কাজ চলমান রয়েছে।
- Store Management System কে ডিজিটাইজেশনের লক্ষ্যে ERP software এর আওতাভুক্ত করা হবে।
- Store Management System এর সাথে সম্পৃক্ত Cost and Store Module কে ERP software এ আওতাভুক্ত করা হবে।
- অফলাইন সিস্টেম হতে অনলাইন সিস্টেমে মিটারবিহীন আবাসিক গ্রাহকদের ডাটা মাইগ্রেশন কার্যক্রম আওতাভুক্ত করা হবে।
- গ্রাহক পোর্টাল হতে অনলাইন রেজিস্ট্রেশন ডুপ্লিকেট কার্ড ইস্যু, মোবাইল নম্বর পরিবর্তন, পুনঃসংযোগ আবেদন ইত্যাদি কার্যক্রম আওতাভুক্ত করা হবে।

**গ) ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ**

- বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের ওয়ান স্টপ সার্ভিস সিস্টেমের সাথে কেজিডিসিএল এর মডিউলভিত্তিক অনলাইন সফটওয়্যার এর ইন্টিগ্রেশন সম্পন্নকরণ
- ওয়ানস্টপ সার্ভিস -এর মাধ্যমে গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে বিসিক এবং কেজিডিসিএল এর মডিউলভিত্তিক অনলাইন সফটওয়্যার এর ইন্টিগ্রেশন সম্পন্নকরন
- ERP software এর ভার্সন আপগ্রেডেশন

## ৫. উন্নয়ন কার্যক্রম

### ৫.১ বাস্তবায়িত কাজসমূহ :

- কোরিয়ান এক্সপোর্ট প্রসেসিং জোন (কেইপিজেড), আনোয়ারা, চট্টগ্রাম-এর অভ্যন্তরে কেজিডিসিএল এর বিদ্যমান রিং-মেইন লাইন এর অংশবিশেষ পরিত্যক্ত করে ১৬" ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ১.১৮ কিলোমিটার পাইপলাইন নেটওয়ার্ক স্থাপন করা হয়।
- বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর (মীরসরাই অর্থনৈতিক অঞ্চল), চট্টগ্রাম-এ বসুন্ধরা ইন্ডাস্ট্রিয়াল ইকোনমিক জোনে সিজিএস হতে ১৬ ইঞ্চি ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ৪.১০৫ কি.মি. গ্যাস পাইপলাইন নির্মাণ এবং ১১০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন ১টি ডিআরএস স্থাপন করা হয়।
- "বিসিক শিল্পনগরী রাউজান" শীর্ষক প্রকল্পে ৪" ব্যাসের ৫.৮৫ কিলোমিটার এবং ৩" ব্যাসের ২৪.৩৯০ মিটার গ্যাস পাইপ লাইন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়।
- কেজিডিসিএল এর অফিস ভবন, আবাসিক ভবন এবং সংশ্লিষ্ট বিভিন্ন স্থাপনায় বাৎসরিক পূর্ত মেরামত/রক্ষণাবেক্ষণ কাজ।
- কেজিডিসিএল এর নিজস্ব অর্থায়নে চট্টগ্রাম সিটি করপোরেশনের ৩৮ নং ওয়ার্ড অধিভুক্ত বিভিন্ন শ্রেণির গ্রাহকদের গ্যাসের স্বল্পচাপজনিত সমস্যা নিরসনকল্পে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি আইপি-ডিআরএস স্থাপন ও ডিআরএস হতে ৬ ইঞ্চি ব্যাসের ১১৯.১০৮ মিটার ও ৪ ইঞ্চি ব্যাসের ৩৫৪৩.২৯৯ মিটার এবং ২ ইঞ্চি ব্যাসের ২৩.৫১২ মিটার বিতরণ গ্যাস পাইপ লাইন স্থাপনসহ বিদ্যমান লাইনের সাথে আন্তঃসংযোগ কাজ।

### ৫.২ পাইপলাইন নির্মাণ :

**প্রক্রিয়াধীন কাজসমূহ**

- বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর (মীরসরাই অর্থনৈতিক অঞ্চল), চট্টগ্রাম-এর অভ্যন্তরে বি আর পাওয়ারজেন লিমিটেড-এ গ্যাস সরবরাহের লক্ষ্যে ১টি ৪০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ডিআরএস টার্ন-কি/ইপিসি ভিত্তিতে ক্রয় ও স্থাপন।
- বঙ্গবন্ধু শিল্পপার্ক, মীরসরাই বেজা, চট্টগ্রাম এর অভ্যন্তরে বেপজা অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহের লক্ষ্যে ১টি ৫০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ডিআরএস টার্ন-কি/ ইপিসি ভিত্তিতে ক্রয় ও স্থাপন।

## ৬.বাস্তবায়নাধীন নতুন প্রকল্প

### ৬.১ আবাসিক সংযোগে প্রিপেইড মিটার স্থাপন:

প্রাকৃতিক গ্যাসের অপচয় রোধ, সিস্টেম লস হ্রাসকরণ এবং গ্যাসের কার্যকর সরবরাহ ও ব্যবহার নিশ্চিতকল্পে আবাসিক গ্রাহকের গ্যাস সংযোগে ১ লক্ষ প্রি-পেইড মিটার লক্ষ্যে কোম্পানির নিজস্ব অর্থায়নে ২৯১.৪৯ কোটি টাকা ব্যয় ও ফেব্রুয়ারী'২০২১ হতে জুন'২০২৫ মেয়াদে বাস্তবায়নের জন্য "কেজিডিসিএল এর আবাসিক গ্রাহকদের জন্য প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন" শীর্ষক অনুমোদিত প্রকল্প চলমান রয়েছে। উন্মুক্ত আন্তর্জাতিক দরপত্র আহবানের মাধ্যমে মিটার স্থাপনে EPC ঠিকাদার TOYOKEIKI CO., LTD, Japan এর সাথে ১৯/০৯/২০২৩ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তির আওতায় ঠিকাদার প্রি-পেইড মিটারসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ করেছে। ২৯/০৮/২০২৪ তারিখ পর্যন্ত বিভিন্ন গ্রাহকের বাসায় মোট ৩৬,৩৭৩টি প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে।

### ৬.২ ফৌজদারহাট-সীতাকুন্ড-মীরসরাই এলাকায় গ্যাস বিতরণ নেটওয়ার্ক আপগ্রেডেশন শীর্ষক প্রকল্প

দেশের শিল্পায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে চট্টগ্রামস্থ ফৌজদারহাট, সীতাকুন্ড ও মীরসরাই এলাকার গ্যাস বিতরণ নেটওয়ার্কের সক্ষমতা ৫০ এমএমএসসিএফডি হতে ৪০০ এমএমএসসিএফডি-তে উন্নীতকরণের নিমিত্ত কেজিডিসিএল এর নিজস্ব অর্থায়নে ২৪২.১২ কোটি টাকা ব্যয়ে আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের ডিপিপি গত ০২/০৬/২০২১ তারিখে এবং আরডিপিপি ২৭/১২/২০২৩ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই ২০২১ থেকে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত। প্রকল্পের আওতায় ফৌজদারহাট হতে বারৈয়ারহাট পর্যন্ত ২০" ব্যাসের × ১৫০ পিএসআইজি × ৫৭ কি:মি: গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ ও জিটিসিএল এর টিবিএস এবং কেজিডিসিএল এর বিদ্যমান নেটওয়ার্কের সাথে প্রস্তাবিত পাইপলাইনের আন্ত:সংযোগ স্থাপন ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হবে। আগষ্ট ২০২৪ পর্যন্ত প্রকল্পের মোট ব্যয় ২০২.১১ কোটি (৮৩.৪৮%) টাকা এবং মোট কাজে অগ্রগতি ৯৫.২৬%। প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরে সম্পাদিত কাজের বিবরণ নিম্নরূপঃ

- ৫৭ কিলোমিটার পাইপলাইনের ০৩টি লটের বিপরীতে মোট ৫৫.৯০ কিলোমিটার Stringing, ৫৫.৪০ কিলোমিটার Welding এবং ৫৪.৩০ কিলোমিটার Lowering & Backfilling ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে ;
- বেজা-মিরসরাই রোডে অবস্থিত জিটিসিএলএর টিবিসিএর সাথে হুকআপের জন্য নির্মিত ১.৬০ কিলোমিটার পাইপলাইনের Hydrotesting & Pigging কাজ সম্পন্ন হয়েছে;
- ২০"ϕ- ০৬ টি Line Valve ও ০৮"ϕ -০৪টি Offtake Valve স্থাপন করা হয়েছে।

## (৭) আন্তঃকোম্পানির প্রকল্প বাস্তবায়নে ঋণ প্রদান

আমদানীকৃত এলএনজি গ্যাস সঞ্চালনের লক্ষ্যে জিটিসিএল কর্তৃক বাস্তবায়িত "আনোয়ারা-ফৌজদারহাট গ্যাস সঞ্চালন পাইপলাইন" প্রকল্পে ২৫০.০০ কোটি টাকা এবং "মহেশখালী-আনোয়ারা গ্যাস সঞ্চালন পাইপলাইন" প্রকল্পে ২৪৯.৯৫ কোটি টাকা এবং মহেশখালী-জিরো পয়েন্ট (কালদিয়ার চর)-সিটিএমএস (ধলঘাট পাড়া) গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্পে ১০০.০০ কোটি টাকা অর্থায়নের জন্য জিটিসিএল ও কেজিডিসিএল এর মধ্যে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। ঋণ চুক্তির বিপরীতে ২০২৩-২৪ অর্থবছরে জিটিসিএল থেকে প্রাপ্ত আসল ও সুদ এর বিবরণী নিম্নরূপ:

(কোটি টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকারী কোম্পানি/সংস্থা | মোট পরিশোধিত ঋণের পরিমাণ | ৩০ জুন ২০২৪ পর্যন্ত জিটিসিএল হতে ঋণের আসল বাবদ প্রাপ্তি | ২০২৩-২৪ অর্থবছরে পরিশোধিত ঋণের বিপরীতে প্রাপ্ত সুদ |
|---|---|---|---|---|---|
| ১ | আনোয়ারা-ফৌজদারহাট পাইপলাইন | জিটিসিএল | ১৪৫.০০ | ১৪.৫০ | ২.৩৬ |
| ২ | মহেশখালি-আনোয়ারা পাইপলাইন | জিটিসিএল | ২৩৪.০৫ | ১১.৭০ | ৪.৭০ |
| ৩ | মহেশখালি-জিরো পয়েন্ট-সিটিএমএস গ্যাস সঞ্চালন পাইপলাইন | জিটিসিএল | ৮৮.৬৮ | ৮.৮৭ | ১.২৭ |
| | **মোট** | | **৪৬৭.৭৩** | **৩৫.০৭** | **৮.৩৩** |

## (৮) অপারেশনাল কার্যক্রম

২০২৩-২৪ অর্থবছরে কোম্পানির বিতরণ উত্তর ও দক্ষিণ নেটওয়ার্ক এর নিম্নোক্ত কার্যক্রমসমূহ সম্পাদন করা হয়েছে:

- গ্যাস সংক্রান্ত গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ে এবং কার্যকরভাবে নিষ্পত্তি করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ অর্থবছরের নিম্নে উল্লেখিত অভিযোগ সমূহ নিষ্পত্তি করা হয়েছে;গ্রাহকের গ্যাস সংক্রান্ত সমস্যার প্রাপ্ত মোট অভিযোগের সংখ্যা: ১,৩০৮ টি; অভিযোগ নিষ্পন্নের সংখ্যা: ১,৩০৮ টি।
- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ আমানত বিমান বন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ' শীর্ষক প্রকল্পের এলাইনমেন্টের মধ্যে লালখান বাজার Downward Ramp অংশে কেজিডিসিএল এর বিদ্যমান ৪ বার চাপ বিশিষ্ট ৬ ইঞ্চি ব্যাসের ১১৬ মিটার বিতরণ লাইন পাইপ ডাইভারশন করা হয়; চট্টগ্রাম শহরের টাইগারপাস এলাকায় কেজিডিসিএল এর ভূগর্ভস্থ বিদ্যমান বিদ্যমান ১০ বার চাপ বিশিষ্ট ৮ ইঞ্চি ব্যাসের ৭৩ মিটার বিতরণ লাইন ডাইভারশন করণ এবং ০২টি ভাল্ব সংস্কার কাজ করা হয় ; একই Ramp অংশে কেজিডিসিএল এর বিদ্যমন বিদ্যমান ৪ বার চাপ বিশিষ্ট ৪ ইঞ্চি ব্যাসের ৩০ মিটার এবং ১০ বার চাপ বিশিষ্ট ৮ ইঞ্চি ব্যাসের ২৪ মিটার সম্পন্ন বিতরণ পাইপ লাইন ডাইভারশন করা হয়; চট্টগ্রাম শহরের দামপাড়া নার্সারী হতে ব্লুসোম গার্ডেন এবং দামপাড়া নার্সারী হতে বাওয়া স্কুল পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে Upward Ramp এর কলামের ফাউন্ডেশন এর মধ্যে স্থিত কেজিডিসিএল এর ভূগর্ভস্থ ৪ বার চাপ বিশিষ্ট ৪ ইঞ্চি ব্যাসের ৪২০ মিটার বিশিষ্ট গ্যাস পাইপ লাইন ডাইভারশন/ স্থানান্তর কাজ হয়; বন্দর এলাকায় Fokirhat Downward Ramp এর এ্যালাইনমেন্টে বিদ্যমান কেজিডিসিএল এর ৮ ইঞ্চি ব্যাসের ১০ বার চাপ বিশিষ্ট ৬৪ মিটার ও CEPZ Downward Ramp, (বিমান বন্দর রোড, সিইপিজেড গেইট এর পাশে, দ: হালিশহর,) এ্যালাইনমেন্টের মধ্যে বিদ্যমান কেজিডিসিএল এর ৪ ইঞ্চি ব্যাসের ৪ বার চাপ বিশিষ্ট ৩০৫ মিটার পাইপ লাইন স্থানান্তর/ডাইভারশন করা হয়; দেওয়ানহাট হতে টাইগারপাস এলাকায় কেজিডিসিএল এর ভূগর্ভস্থ বিদ্যমান ৬ ইঞ্চি ব্যাসের ৪ বার চাপসম্পন্ন ৩০ মিটার বিতরণ গ্যাস পাইপ লাইন ডাইভারশন করা হয়;
- বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসন প্রকল্প এলাকা পাঠানিয়াগোদায় নালা নির্মাণ ও রাস্তা উঁচু করার কারণে ২" ব্যাসের লিকেজকৃত বিতরণ লাইন প্রায় ১০ থেকে ১৪ ফুট মাটির গভীরে চলে যাওয়ায় পাইপ পুন: স্থাপন করা হয়; রাজাখালী ৪ বার ২" ব্যাসের ক্ষতিগ্রস্থ বিতরণ পাইপ পুন: স্থাপন করা হয়; বাংলাদেশ সেনাবাহিনী/চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক হামিদচর নালা নির্মাণ করার সময় ২" ব্যাসের লিকেজকৃত বিতরণ লাইন পাইপ পুন: স্থাপন; নাথপাড়া ২" ব্যাসের

লিকেজকৃত বিতরণ লাইন পুন: স্থাপন এবং প্রতিস্থাপন কাজ মোট ৪ (চার) টি এলাকায় ৪ বার চাপ বিশিষ্ট ২ ইঞ্চি ব্যাসের ৫২০ মিটার পাইপ লাইন ডাইভারশন/প্রতিস্থাপন করা হয়; দক্ষিণ কাট্টলি, প্রাণ হরিদাশ রোড, জেলে পাড়া, নালা সম্প্রসারণ কার্যক্রমের এ্যালাইমেন্ট হতে কেজিডিসিএলের বিদ্যমান ৪ বার চাপ বিশিষ্ট ৩ ইঞ্চি ১০০মিটার ও ২ ইঞ্চি ব্যাসের ৭০ মিটার বিতরণ গ্যাস পাইপলাইন ডাইভারশন করা হয়।

- চট্টগ্রাম বিতরণ **উত্তর** এলাকার আবাসিক, বাণিজ্যিক এবং শিল্প গ্রাহকগণের রাইজার/সার্ভিস লাইন জরুরি মেরামত রক্ষণাবেক্ষণ/স্থাপন/প্রতিস্থাপন/পুনঃ স্থাপন কাজ (পর্ব-০৩); চট্টগ্রাম বিতরণ এলাকার গ্যাস পাইপ লাইন/সার্ভিস লাইনের জরুরী রক্ষণাবেক্ষণ/অপসারণ (অবৈধ লাইন যদি থাকে)/ প্রতিস্থাপন/পুন:স্থাপন কাজ (পর্ব-০৯); চট্টগ্রাম বিতরণ দক্ষিন এলাকার গ্যাস পাইপ লাইন/সার্ভিস লাইনের জরুরী রক্ষণাবেক্ষণ/অপসারণ (অবৈধ লাইন যদি থাকে)/ প্রতিস্থাপন/পুন:স্থাপন কাজ (পর্ব-০৮); চট্টগ্রাম দক্ষিণাঞ্চলের সংযোগ বিচ্ছিন্নকৃত গ্রাহকদের রাইজার কর্তণ ও সার্ভিস লাইন অপসারন, রাইজার স্থানান্তর/বর্ধিতকরন এবং পাইপ লাইন স্থাপন ও পুন:সংযোগ (পর্ব-২২) ।
- চট্টগ্রাম ওয়াসার "Project for Establishment of Sewerage system in Chattogram Metropulitan (Phase-1)" প্রকল্পের জে-ব্লক, হালিশহর, চট্টগ্রাম এলাকায় অ্যালাইনমেন্ট হতে ৪ ইঞ্চি ব্যাসের ৪ বার চাপ বিশিষ্ট ২৪ মিটার ও গাউসিয়া মোড়, রোড নং:০১, ব্লক:এ, হালিশহর, চট্টগ্রাম এলাকায় ৩ ইঞ্চি ব্যাসের ২৫ মিটার এবং পোর্ট কানেকটিং রোড, কে ব্লক ১০ নং রোডের মুখে, হালিশহর, চট্টগ্রাম এলাকায় ২ ইঞ্চি ব্যাসের ২৪ মিটার বিতরণ গ্যাস পাইপলাইনের গতি পথ পরিবর্তন/ডাইভারশন করা হয়; চৌচালা মোড়, চৌচালা কেজিডিসিএল ডিআরএস এর সামনের রোডে, হালিশহর, চট্টগ্রাম এলাকায় অ্যালাইনমেন্টে বিদ্যমান ১০ ইঞ্চি ব্যাসের ৩৬ মিটার ১০ বার বিতরণ লাইন ও ৩ ইঞ্চি ব্যাসের ৩৬ মিটার ৪ বার বিতরণ গ্যাস পাইপলাইনের গতি পথ পরিবর্তন/ডাইভারশন করা হয়।
- কেজিডিসিএল এর বিতরণ-দক্ষিণ গ্যাস নেওয়ার্কের মাটির নিচে/বিটুমিন কার্পেটিং/সিসি ঢালাইয়ের নিচে চলে যাওয়া ২৫ টি ভাল্ভপিট মেরামত ও উচ্চতা বৃদ্ধি করা হয়; মেসার্স বে-ফিসিং কর্পোরেশন লি. এয়ারপোর্ট রোড বাই-লেইন, পুর্ব পতেঙ্গা, চট্টগ্রাম এর নতুন বরাদ্ধ প্রাপ্ত প্লটের অ্যালাইনমেন্টে বিদ্যমান ৪ ইঞ্চি ব্যাসের ৪ বার চাপ বিশিষ্ট ৯৬ মিটার গ্যাস পাইপলাইনের গতি পথ পরিবর্তন/ডাইভারশন করা হয়; চট্টগ্রাম ইপিজেডস্থ ফেক্টরী-বে এলাকায় নির্মানাধীন কারখানা ভবন নির্মানের সাইটে শনাক্তকৃত ২ ইঞ্চি ব্যাসের ৩১০ মিটার বিতরণ গ্যাস পাইপলাইনের গতি পথ পরিবর্তন/ ডাইভারশন করা হয়।
- গ্যাসের অপচয় ও পরিবেশ দূষণরোধ: অত্র কোম্পানীর নিজস্ব জনবল দ্বারা নিয়মিত রাইজার/গ্যাস স্থাপনা/গ্যাস পাইপ লাইনে চাক্ষুস/পোর্টেবল গ্যাস ডিটেক্টর এর মাধ্যমে নিয়মিত ছিদ্র জরিপ করা হয়েছে। জরিপে কোন লিকেজ পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে তা মেরামত করা হয়েছে। পাশাপাশি 'Clean Development Mechanism' (CDM) প্রকল্পের অধীনে ইতোপূর্বে মেরামতকৃত ৮,২৩৯ টি আবাসিক/বাণিজ্যিক গ্রাহকের রাইজার ৮ম ও ৯ম পর্যায়ে মনিটরিংকালে লিকেজ পরিলক্ষিত হলে তাৎক্ষনিক লিকেজ মেরামত করে গ্যাস অপচয় ও পরিবেশ দূষণরোধ করা হয়েছে।

### (৯) গ্যাস সঞ্চালন পাইপলাইন রক্ষণাবেক্ষণ

কোম্পানির অধিভুক্ত এলাকায় মোট ১৯০.০০ কিলোমিটার উচ্চ-চাপ বিশিষ্ট (৩৬০ পিএসআইজি) গ্যাস পাইপলাইন বিদ্যমান। তন্মধ্যে ১৬", ২০ ও ২৪" ব্যাসের ৫৭ কিলোমিটার চট্টগ্রাম রিং-মেইন পাইপলাইন, ২০" ব্যাসের ১৭ কিলোমিটার রাউজান তাপ বিদ্যুৎ কেন্দ্র পাইপলাইন, ৮" ব্যাসের ১৮ কিলোমিটার কেপিএম স্পার লাইন, ১০" ব্যাসের ৫৬ কিলোমিটার সেমুতাং গ্যাস পাইপলাইন, ১৬" ব্যাসের ২২ কিলোমিটার আনোয়ারা-শিকলবাহা তাপ বিদ্যুৎ কেন্দ্র ও আনোয়ারা-কাফকো- সিইউএফএল পাইপলাইন, ১৬" ব্যাসের ১৫.৫০ কিলোমিটার বড়তাকিয়া-মীরসরাই অর্থনৈতিক অঞ্চল পাইপলাইন এবং ১৬" ব্যাসের ৪.১৬ কিলোমিটার বসুন্ধরা-মীরসরাই অর্থনৈতিক অঞ্চল পাইপলাইন উল্লেখযোগ্য।

* আকবরশাহ থানাধীন শাপলা আ/এ সংলগ্ন পাহাড়ী এলাকা এবং বোয়ালখালী খাল সংলগ্ন এলাকায় অবস্থিত রিং মেইন গ্যাস পাইপলাইন এর অংশ বিশেষ ভারী বর্ষায় উন্মুক্ত ও তলদেশ ফাঁকা হয়ে ঝুঁকিপূর্ণ হওয়ায় মাটি পুনঃ ভরাট (আনুষঙ্গিক পূর্তকাজ সহ) এর লক্ষ্যে দরপত্র দলিল প্রস্তুত করা হয়েছে।

* উচ্চ-চাপ বিশিষ্ট গ্যাস পাইপলাইনের রাইট অব ওয়ে এর উপর গড়ে উঠা বিভিন্ন ধরনের অবৈধ স্থাপনাসমূহ ক্ষেত্র বিশেষে স্থানীয় প্রশাসনের সহায়তায় উচ্ছেদ করা হয়েছে। এ ধরণের অবৈধ স্থাপনা অপসারণের কাজ চলমান রয়েছে। নতুনভাবে যাতে কোন অবৈধ স্থাপনা গড়ে উঠতে না পারে সেজন্য পেট্রোলিং কার্যক্রম ও আঙ্গিনা পরিদর্শন কাজ চলমান রয়েছে।

* ২৪", ২০" ও ১৬"ব্যাসের ৩৬০ পিএসআইজি চাপ বিশিষ্ট চট্টগ্রাম রিং-মেইন গ্যাস পাইপলাইনের সম্পূর্ণ অংশের প্রলেপন ব্যবস্থা যান্ত্রিক পদ্ধতিতে পরীক্ষা করা হয়েছে। পাইপলাইনের যে সকল স্থানে প্রলেপন ক্ষতিগ্রস্থ পাওয়া গিয়েছে তা মেরামতের কাজ চলমান রয়েছে।

## (১০) ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ

গ্যাস অতি মাত্রায় দাহ্য পদার্থ যা এম এস পাইপলাইনের মাধ্যমে বিভিন্ন শ্রেণির গ্রাহক পর্যায়ে সরবরাহ করা হয়। পাইপলাইনের ক্ষয়জনিত কারণে গ্যাস লিকেজ হয়ে দুর্ঘটনা ঘটলে জানমালের ব্যাপক ক্ষতিসহ জননিরাপত্তা মারাত্নকভাবে বিঘ্নিত হতে পারে। তাই জানমালের নিরাপত্তাসহ নিরবচ্ছিন্নভাবে গ্যাস সরবরাহের নিমিত্ত পাইপের ক্ষয়রোধকল্পে ক্যাথোডিক প্রটেকশন সিস্টেম একটি অপরিহার্য কারিগরি ব্যবস্থা। এ প্রেক্ষিতে কেজিডিসিএল এর উচ্চ চাপ বিশিষ্ট রিং-মেইন পাইপলাইন, রাউজান তাপ বিদ্যুৎ পাইপলাইন, কেপিএম স্পার লাইন, সেমুতাং পাইপলাইন, বড়তাকিয়া হতে মীরসরাই অর্থনৈতিক অঞ্চল ও এর অভ্যন্তরে এইচপি ডিআরএস পর্যন্ত পাইপলাইন, আনোয়ারা সিজিএস হতে শিকলবাহা পাওয়ার স্টেশন পর্যন্ত পাইপলাইন, আনোয়ারা সিজিএস হতে সিইউএফএল/কাফকো পর্যন্ত পাইপলাইনসহ বিভিন্ন স্থানে স্থাপিত বিতরণ পাইপলাইনের ক্ষয়রোধ ব্যবস্থা কার্যকর রাখা এবং নিরাপদ গ্যাস মুখ্য-বিতরণ ও বিতরণের স্বার্থে ক্যাথোডিক প্রোটেকশন সিস্টেমের সুষ্ঠু পরিচালন, রক্ষণাবেক্ষণ, মনিটরিং ও উন্নয়নমূলক কার্যক্রম চলমান। কেজিডিসিএল গ্যাস বিতরণ নেটওয়ার্ক এর বিভিন্ন এলাকায় স্থাপিত টিইজি/টিআরযুক্ত সিপি স্টেশন নিয়মিত পরিদর্শন করে প্রয়োজনীয় সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে সার্বক্ষণিকভাবে সিপি সিস্টেম সচল রাখা হচ্ছে। এছাড়া কেজিডিসিএল-এর গ্যাস মুখ্য-বিতরণ ও বিতরণ পাইপলাইনের PSP (Pipe to Soil Potential) রিডিং পর্যালোচনা পূর্বক ICCP (Impressed Current Cathodic Protection) সিস্টেম ও ম্যাগনেশিয়াম এ্যানোড স্থাপন করা হয়। অপরদিকে সিপি স্টেশনসমূহের মধ্যে ত্রুটিপূর্ণ টিইজি ও দুর্বল গ্রাউন্ড বেড চিহ্নিত করে নতুন করে ০৫ টি ICCP সিস্টেম (Transformer Rectifier যুক্ত গ্রাউন্ডবেড) স্থাপন করা হয়েছে। এছাড়া সম্প্রতি স্থাপিত পাইপলাইন ও পুরাতন পাইপলাইনের যে সকল স্থানে পিএসপি রিডিং প্রোটেকটিভ লেভেল (-0.85 Volt) এর কম সে সকল পাইপলাইনে নতুনভাবে ইমপ্রেসড কারেন্ট ক্যাথোডিক প্রোটেকশন সিস্টেম (TR যুক্ত গ্রাউন্ডবেড) ও ম্যাগনেশিয়াম এ্যানোড স্থাপনের কার্যক্রমও অব্যাহত আছে।

## (১১) জনবল, মানব সম্পদ উন্নয়ন ও গ্রাহকসেবা কার্যক্রম

### ১১.১ জনবল

কোম্পানির বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে ৫১৯ জন কর্মকর্তা ও ৬৪২ জন কর্মচারির সংস্থান রয়েছে। তন্মধ্যে, ২০২৩-২৪ অর্থবছরে কোম্পানির নিয়মিত কর্মকর্তা ৩৫১ জন, কর্মচারি ৮২ জন, আউটসোর্সিং পদ্ধতিতে ৩২৮ জন ও দৈনিক ভিত্তিতে ১৭ জন জনবল নিয়োজিত ছিল। পেট্রোবাংলা এবং পেট্রোবাংলার অধীন কোম্পানি হতে ৮ জন কর্মকর্তা এবং ০৪ জন কর্মচারী প্রেষণে কর্মরত আছেন। আলোচ্য অর্থবছরে ১২ জন কর্মকর্তা ও ১০ জন কর্মচারি চাকুরি হতে অবসর গ্রহণ এবং ০৩ জন কর্মচারী মৃত্যুবরণ করেছেন। আলোচ্য অর্থবছরে ৯ম ও ১০ম গ্রেডে ৬ জন কর্মকর্তা যোগদান করেন। কোম্পানির ৩ জন কর্মকর্তাকে চাকুরি হতে অব্যহতি প্রদান করা হয় এবং ৯ জন কর্মকর্তা চাকুরি হতে ইস্তফা প্রদান করেছেন। আলোচ্য বছরে কর্মকর্তাদের মধ্যে পুঞ্জিভূত ৩৩টি বিভাগীয় মামলার মধ্যে ২৪টি মামলা নিষ্পত্তি এবং কর্মচারীদের মধ্যে পুঞ্জিভূত ১টি বিভাগীয় মামলার মধ্যে ১টি মামলা নিস্পত্তি করা হয়েছে। বিভিন্ন পদে ৪৯ জন কর্মকর্তাকে পদোন্নতি ও ১২ গ্রেডের ৫ জন কর্মচারীকে সহকারী কর্মকর্তা/সমমান পদে পদোন্নতি প্রদান এবং অন্যান্য পদে ১২ জন কর্মচারিকে পদোন্নতি/উচ্চতর গ্রেড প্রদান করা হয়। কোম্পানিতে বিগত দুই অর্থবছরে পুরুষ ও মহিলা কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা নিম্নে উল্লেখ করা হয়েছে:

**২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের পুরুষ ও মহিলা কর্মকর্তা ও কর্মচারির বিবরণ**

| অর্থবছর | কর্মকর্তার সংখ্যা | | | কর্মচারির সংখ্যা | | | মোট কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট |
| ২০২২-২৩ | ৩৩১ | ২৯ | ৩৬০ | ৯২ | ০৪ | ৯৬ | ৪২৩ | ৩৩ | ৪৫৬ |
| ২০২৩-২৪ | ৩২৩ | ২৮ | ৩৫১ | ৭৮ | ০৪ | ৮২ | ৪০১ | ৩২ | ৪৩৩ |

### ১১.২ প্রশিক্ষণ

২০২৩-২৪ অর্থবছরে প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে মোট ৭৮৩ (সাতশত তিরাশি) জন কর্মকর্তা ও ১৭৪ (একশত চুয়াত্তর) জন কর্মচারি বিভিন্ন স্থানীয় প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেন।

### ১১.৩ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকান্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা Performance মূল্যায়নের লক্ষ্যে সরকারের Government Performance Management System (GPMS)-এর আওতায় অন্যান্য বহুবিধ কাজের মধ্যে কাঠামোবদ্ধ কতিপয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কেজিডিসিএল কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা Annual Performance Agreement (APA) স্বাক্ষরিত হয়ে থাকে। ২০২৩-২৪ অর্থবছরের গৃহীত কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নে কোম্পানির কর্মকর্তা কর্মচারিগণ সফলতার স্বাক্ষর রাখেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ৯৯.৫২ নম্বর অর্জিত হয়।

**১১.৪ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা**

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আওতায় কেজিডিসিএল এর মিটারবিহীন আবাসিক গ্রাহকদের মাসিক বিল প্রতিমাসের ০১ তারিখ পূর্বাহ্নে সিস্টেম সার্ভারে জব শিডিউলিং এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে বিল জেনারেশন তথা "অটো বিল জেনারেশন" সংক্রান্ত উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন করা হয়েছে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক ২টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, কেজিডিসিএল এর তথ্য বাতায়নে সেবাবক্স সমূহ, মেনুবার, বিভিন্ন প্রতিবেদন, দরপত্র, নোটিশ, পরিচালনা পর্ষদবৃন্দের তালিকা নিয়মিত হালনাগাদসহ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্যান্য কর্মসম্পাদন সূচক সমূহ বাস্তবায়ন করা হয়েছে।

**১১.৫ জাতীয় শুদ্ধাচার কৌশল**

জাতীয় শুদ্ধাচার কৌশল হলো দুর্নীতি ঠেকাতে নাগরিক জীবনের প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহি এবং সততা নিশ্চিতকরণে সরকার প্রণীত একটি সুশাসন কৌশল। ক্ষুধা ও দারিদ্রমুক্ত সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে কেজিডিসিএল কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় এবং কর্মপরিকল্পনার আলোকে গৃহীত কার্যক্রমসমূহ সময়াবদ্ধভাবে বাস্তবায়ন করা হয়। উল্লেখ্য যে, এতদসংক্রান্তে কেজিডিসিএল কর্মপরিকল্পনার বাহিরে পেট্রোবাংলার নির্দেশনামতে কোয়ার্টার ভিত্তিক নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়ন করা হয় :

- দুর্নীতি প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন শ্লোগান সম্বলিত স্টিকার প্রস্তুত করা এবং কোম্পানির বিভিন্ন স্থাপনায় দৃশ্যমান স্থানে সাঁটানো।
- দুর্নীতি প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারিদের উপস্থিতিতে সভা আয়োজন।

**১১.৬ অভিযোগ প্রতিকার পদ্ধতি**

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বা GRS (Grievance Redress System) সংক্রান্ত কর্মপরিকল্পনা মূল্যায়ন ও বাস্তবায়ন নির্দেশিকা ২০২৩-২৪ অনুযায়ী কোম্পানিতে স্থাপিত অভিযোগ বক্স এবং GRS Software এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তির লক্ষ্যে কোম্পানিতে একটি কমিটি রয়েছে এবং উপমহাব্যবস্থাপক (সিকিউরিটিজ) এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিযুক্ত আছেন। ২০২৩-২৪ অর্থবছরে গ্রাহকদের নিকট থেকে মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা ৫৫টি ও নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা ৫৬টি (পূর্ববর্তী বছরের ক্রমপুঞ্জিত ০১টি অভিযেগসহ)। উল্লেখ্য GRS Software এর মাধ্যমে ০৯টি অভিযোগ পাওয়া গিয়েছে যা যথাযথভাবে নিষ্পত্তি করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের অভিযোগ নিষ্পত্তির শতকরা হার ১০০%। কোম্পানির তথ্য বাতায়নে নিয়মিতভাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদ করা হয়ে থাকে।

**১১.৭ তথ্য অধিকার**

তথ্য অধিকার আইন-২০০৯ এর ধারা-১০ অনুযায়ী কোম্পানির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা এবং আপীল কর্তৃপক্ষের নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর ও ই-মেইল ঠিকানা কেজিডিসএল-এর তথ্য বাতায়নে প্রকাশিত আছে। তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী, ২০২৩-২০২৪ অর্থ বছরে ব্যক্তি শ্রেণি কর্তৃক দাখিলকৃত 'তথ্য প্রাপ্তির আবেদন' যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। বর্ণিত আইন অনুযায়ী 'স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা' প্রণয়নপূর্বক প্রকাশযোগ্য তথ্যসহ অন্যান্য তথ্য কোম্পানির তথ্য বাতায়নে নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। এতদ্ব্যতীত, তথ্য অধিকার বিষয়ে বার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী প্রচার কার্যক্রমসহ অন্যান্য নির্দেশনাসমূহ যথাসময়ে বাস্তবায়ন করা হয়েছে।

**১১.৮ সেবা প্রদান প্রতিশ্রুতি**

কোম্পানির গ্রাহকদের উন্নত সেবা প্রদান, প্রাকৃতিক গ্যাসের দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ ও গ্যাস বিপণনে সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। কোম্পানির কর্মকর্তা-কর্মচারিদের দক্ষতা বৃদ্ধির জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালার আয়োজন করা হয় এবং সেবা প্রদান বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়। কোম্পানির সকল কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান স্থানে প্রদর্শন করা হয়।

**১১.৯ সামাজিক কার্যক্রম**

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে কোম্পানি বিভিন্ন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নে এবং অসুস্থতাজনিত রোগির সুচিকিৎসায় কিছু সংখ্যক মানুষকে সহযোগিতা প্রদান করা হচ্ছে। কোম্পানি কর্তৃক ২০২৩-২০২৪ অর্থবছরে প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা (CSR) খাত হতে জটিল রোগে আক্রান্ত ব্যক্তিবর্গের সুচিকিৎসার জন্য সর্বমোট ১৩,৮০,০০০.০০ (তের লক্ষ আশি হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

## (১২) স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত ভারসাম্য সংরক্ষণ

### ১২.১ স্বাস্থ্য

কোম্পানির কর্মকর্তা-কর্মচারি ও তাদের নির্ভরশীল পোষ্যদের স্বাস্থ্যসেবা প্রদানের উদ্দেশ্যে একজন এমবিবিএস ডাক্তার ও একজন প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসা সহকারী নিয়োজিত আছেন। জরুরি চিকিৎসা সেবা প্রদানে প্রাথমিক চিকিৎসা সামগ্রী ও একটি অ্যাম্বুলেন্স সার্বক্ষণিক প্রস্তুত রয়েছে। এছাড়াও জাতীয় দিবস, বার্ষিক বনভোজন ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা উপলক্ষ্যে মেডিকেল টিম গঠন করা হয়েছে।

### ১২.২ নিরাপত্তা

কোম্পানিতে স্থায়ী নিরাপত্তা কর্মী ও আউটসোর্স নিরাপত্তা কর্মীর পাশাপাশি ১৬ জন (নিরস্ত্র) আনসার সদস্য নিয়োজিত আছেন। কোম্পানির প্রধান কার্যালয় এবং ফৌজদারহাট স্থাপনায় ও মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত সিসিটিভি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক নিরাপত্তা মনিটরিং নিশ্চিত করা হয়। যেসব স্থাপনা এখনও সিসিটিভি ক্যামেরার আওতায় আসেনি সেসব স্থাপনা সহসাই আইপি ক্যামেরার আওতায় আনায়নের কাযক্রম চলমান রয়েছে। কোম্পানির গুরুত্বপূর্ণ স্থাপনায় অগ্নিকান্ডের তাৎক্ষণিক ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে বিভিন্ন সাইজের ১৫১টি অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপন এবং ভবনের পাশে দৃশ্যমান স্থানে পানি ও বালি ভর্তি বালতি রাখা হয়েছে। কেজিডিসিএল এর স্থাপনাসমূহের মধ্যে স্থাপিত বিভিন্ন সাইজের অগ্নিনির্বাপক যন্ত্রসমূহ প্রতিবছর নিয়মিতভাবে রিফিল করা হয়। কোম্পানির গুরুত্বপূর্ণ স্থাপনায় নিয়োজিত অপারেটর এবং নিরাপত্তা কর্মীদেরকে প্রতিবছর অগ্নিনির্বাপক যন্ত্র পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় ধারণা দেওয়া হয় ও অগ্নিনির্বাপণ মহড়ার আয়োজন করা হয়।

### ১২.৩ পরিবেশ

পরিবেশ সংরক্ষণের প্রতি লক্ষ্য রেখে গৃহস্থালি গ্রাহক ব্যতীত অন্যান্য সকল প্রকার গ্যাস সংযোগের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নেওয়া হয়। কোম্পানির স্থাপনাসমূহে বিভিন্ন প্রজাতির গাছ-গাছালি রয়েছে এবং বৃক্ষরোপণ কার্যক্রম চলমান আছে। কোম্পানির ফৌজদারহাট স্থাপনায় সৌন্দর্য বর্ধনের জন্য স্থাপনার সম্মুখে ফাঁকা জায়গায় বিভিন্ন ধরনের ফুলের বাগান করা হয়েছে এবং স্থাপনার আশপাশের বিভিন্ন ফাঁকা জায়গায় ছোট-খাটো পরিসরে বাগান করা হয়েছে। প্রতি মাসে কোম্পানি হতে পরিবেশের উপর মাসিক প্রতিবেদন পেট্রোবাংলার এনভায়রনমেন্ট এন্ড সেইফটি ডিভিশনে (ইএসডি) পাঠানো হয়।

### ১২.৪ জাতীয় গুরুত্বপূর্ণ দিবসসমূহ উদযাপন

বিগত অর্থবছরে কোম্পানিতে ২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ১৪ এপ্রিল বাংলা নববর্ষ, ১২ রবিউল আউয়াল পবিত্র ইদে মিলাদুন্নবী (সাঃ), ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদা, ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার সঙ্গে পালন করা হয়েছে।

### ১২.৫ কল্যাণমূলক কার্যক্রম

সম্মানিত শেয়ারহোল্ডারগণ, আমি এ পর্যায়ে কোম্পানির কর্মকর্তা-কর্মচারিদের জন্য গৃহীত কল্যাণধর্মী কার্যক্রমের ওপর আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। কেজিডিসিএল এর কল্যাণমূলক কর্মসূচির আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ৫৮ জন কর্মকর্তা-কর্মচারিকে জমি ক্রয়, গৃহ নির্মাণ, মোটর সাইকেল ক্রয়, নির্মিত গৃহের এক্সটেনশন ও রিনোভেশন, বাড়ি বা ফ্ল্যাট ক্রয় খাতে ১৮,১৯,৯২,১৩২/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে (বকেয়াসহ) কোম্পানির কর্মকর্তা-কর্মচারিগণের সন্তানদের মধ্যে ৫৭ জনকে শিক্ষাবৃত্তি বাবদ মোট ৫,১০,৯০০ (পাঁচ লক্ষ দশ হাজার নয়শত) টাকা প্রদান করা হয়েছে। চিত্তবিনোদন কর্মসূচির আওতায় কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারিগণের অংশগ্রহণে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও বনভোজনসহ অন্যান্য অনুষ্ঠানাদি অনুষ্ঠিত হয়েছে।

### ১২.৬ কল্যাণমূলক কার্যক্রম

উক্ত অর্থবছরে ২০২২-২০২৩ অর্থবছরের BPPF এর অর্থ সুবিধাভোগীদের মধ্যে বন্টন করা হয়েছে। বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ২৩৪(খ) ধারায় বলা হয়েছে- "এর মালিক প্রত্যেক বৎসর শেষ হইবার অনূন নয় মাসের মধ্যে পূর্ববর্তী বৎসরের নীট মুনাফার (৫%) অর্থ ৮০:১০:১০ অনুপাতে যথাক্রমে অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন ২০০৬ এর ধারা ১৪ অধীন স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলের প্রদান করিবে"। বর্ণিত ধারার আলোকে ২০২২-২০২৩ অর্থবছরে বিপিপিএফ এর অর্থ বাবদ প্রাপ্ত ১৯,৬৮,৯৩,৭৯৬.০০ (উনিশ কোটি আটষট্টি লক্ষ তিরানব্বই হাজার সাতশত ছিয়ানব্বই) টাকা আইনের বিধান মোতাবেক অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে বন্টন করা হয়েছে। অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিলের (প্রযোজ্য অংশ) ৪৬২ জন সুবিধাভোগীর মধ্যে প্রাপ্যতা অনুযায়ী যথারীতি ০২(দুই) কিস্তিতে বন্টন করা হয়েছে। শ্রম আইনের ২৪৩ ধারায় বলা হয়েছে- "কল্যাণ তহবিলে জমাকৃত অর্থ, এই অধ্যায়ের বিধানাবলী প্রতিপালন সাপেক্ষে, ট্রাষ্টি বোর্ড যেভাবে স্থির করিবে সেইভাবে এবং সেই উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে, এবং বোর্ড তৎসম্পর্কে সরকারকে অবহিত করিবে।"বর্ণিত ধারার আলোকে কল্যাণ তহবিলের (প্রযোজ্য অংশ) বাবদ মোট ১৯,৬৫,০০০.০০(উনিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকা দরিদ্র/অসহায়/দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ, কেজিডিসিএল এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সুস্থতা ও দীর্ঘায়ু কামনায় দোয়া মাহফিল ও তবারক বিতরণ এবং কেজিডিসিএল এর মৃত কর্মকর্তা-কর্মচারীদের বিদেহী আত্নার মাগফেরাত ও কোম্পানিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের দীর্ঘায়ু ও সুস্থতা জন্য দোয়া-মাহফিল ও কাঙ্গালী ভোজ উপলক্ষ্যে ব্যয় করা হয়েছে।

## (১৩) ২০২৩-২৪ অর্থবছরে কোম্পানির উল্লেখযোগ্য সাফল্য/অর্জন

সীতাকুন্ড ও মীরসরাই এলাকার গ্যাস বিতরণ নেটওয়ার্কের সক্ষমতা ৫০

- দেশের শিল্পায়ন ত্বরান্বিত করার লক্ষ্যে চট্টগ্রামস্থ ফৌজদারহাট, সীতাকুন্ড ও মীরসরাই এলাকার গ্যাস বিতরণ নেটওয়ার্কের সক্ষমতা ৫০ এমএমএসসিএফডি হতে ৪০০ এমএমএসসিএফডি-তে উন্নীতকরণের নিমিত্ত কেজিডিসিএল এর নিজস্ব অর্থায়নে ২৪২.১২ কোটি টাকা ব্যয়ে গৃহিত প্রকল্পের ৯৫.২৬ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। বর্ণিত প্রকল্পের ৫৭ কিলোমিটার পাইপলাইনের ০৩টি লটের বিপরীতে মোট ৫৫.৯০ কিলোমিটার Stringing, ৫৫.৪০ কিলোমিটার Welding এবং ৫৪.৩০ কিলোমিটার Lowering & Backfilling ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে; বেজা-মিরসরাই রোডে অবস্থিত জিটিসিএলএর টিবিসিএর সাথে হুকআপের জন্য নির্মিত ১.৬০ কিলোমিটার পাইপলাইনের Hydrotesting & Pigging কাজ সম্পন্ন হয়েছে; ২০"ϕ- ০৬ টি Line Valve ও ০৮"ϕ -০৪টি Offtake Valve স্থাপন করা হয়েছে।

- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ আমানত বিমান বন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ' শীর্ষক প্রকল্পের এলাইনমেন্টের মধ্যে অবস্থিত বিভিন্ন ব্যাস ও চাপের ১০৬২ মিটার; বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসন প্রকল্প এলাকায় অবস্থিত বিভিন্ন ব্যাস ও চাপের ৬৯০ মিটার ও চট্টগ্রাম ওয়াসার "Project for Establishment of Sewerage system in Chattogram Metropulitan (Phase-1)" প্রকল্প এলাকায় বিভিন্ন ব্যাস ও চাপের ১৪৫ মিটারসহ মোট ১৮৯৭ মিটার গ্যাস পাইপ লাইন ডাইভারশন করা হয়।

- কেজিডিসিএল এর সাথে নতুন ০৪টি অনলাইন ব্যাংক/এমএফএস (EkPay, HSBC, mCASH, IBBL) এর অনলাইন বিলিং কালেকশন এর নিমিত্ত অনলাইন সার্ভার এ API ইন্টিগ্রেশনের কাজ সম্পন্ন হয়েছে। উল্লেখিত ব্যাংকগুলো বর্তমানে অনলাইন কালেকশন কার্যক্রম শুরু করেছে।

- ২০২৩-২৪ অর্থবছরে প্রাতিষ্ঠানিক সামাজিক দায়বদ্ধতা (CSR) খাত হতে বিভিন্ন জটিল রোগে আক্রান্ত ব্যক্তিবর্গের সুচিকিৎসার জন্য সর্বমোট ১৩,৮০,০০০.০০ (তেরো লক্ষ আশি হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

- উচ্চ চাপবিশিষ্ট গ্যাস পাইপলাইনের ১৯টি ভাল্ভ/অফটেক স্টেশন, ডি-ওয়াটারিংসহ ৩টি ম্যানিফোল্ড স্টেশন, ৬টি পিগলঞ্চিং/রিসিভিং স্টেশন, ২৮টি ভাল্ভ ও ৩৩টি অফটেক স্টেশন পেট্রোবাংলা নির্ধারিত কালার কোড অনুসারে অলঙ্করণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

- সড়ক ও জনপথ (সওজ) কর্তৃক "রাঙামাটি রোড সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের অধীন রাউজান গহিরা বাজার সংলগ্ন রাস্তার অ্যালাইনমেন্টে কেজিডিসিএল এর বিদ্যমান 4" ব্যাসের ৪(চার) বার চাপবিশিষ্ট ১৭ মিটার বিতরণ লাইন ডাইভারশন/উঁচুকরণ কাজ সম্পন্ন করা হয়।

- ২০২৩-২৪ অর্থবছরে কেজিডিসিএল ৪৫৯.৬৮ কোটি টাকা করপূর্ব মুনাফা অর্জন করেছে এবং ২৩৮.২৮ কোটি টাকা রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করেছে।

## (১৪) ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- বৈদেশিক সাহায্য ও কোম্পানির নিজস্ব অর্থায়নে কেজিডিসিএল এর অধিভুক্ত এলাকার ৪,৩৫,০০০টি আবাসিক সংযোগে প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন।

- কেজিডিসিএল এর ফৌজদারহাট, চট্টগ্রামস্থ অফিস কমপ্লেক্সে ১টি ৮৯,৬৭৪ বর্গফুট আয়তনের ১০তলা ভিত্তি বিশিষ্ট ৬তলা অফিস কাম ল্যাব ভবন এবং ১৬,৬৮৪ বর্গফুট আয়তনের ১টি দ্বিতল স্টোর ভবন নির্মাণ।

- চট্টগ্রামস্থ ফৌজদারহাট হতে চাদগাঁও জিরোপয়েন্ট পর্যন্ত রিংমেইন এর সমান্তরালে ২৪" ব্যাসের ৩৫০ পিএসআইজি চাপের ১২ কিঃমিঃ গ্যাস পাইপ লাইন নির্মাণ।

- চান্দগাঁও আবাসিক এলাকায় কেজিডিসিএল অফিসার্স কোয়ার্টার কমপ্লেক্সে বিদ্যমান এ ও বি-টাইপ ভবন ভেঙ্গে তদস্থলে ০১টি ১০(দশ)তলা ভবন নির্মাণ।

- বেজার অভ্যন্তরে বেপজার জন্য ১৫০ পিএসআইজি চাপের ১২", ১০", ৬" ও 8" ব্যাসের ৫০.১৯৬ কিলোমিটার পাইপলাইন এবং ০১ টি ৫০ এমএমএসসিএফডি ক্ষমতা সম্পন্ন ডিআরএস স্থাপন ও প্রয়োজনীয় পূর্ত অবকাঠামো নির্মাণ।

- বঙ্গাবন্ধু শেখ মুজিব শিল্পনগরের ২এ, ২বি ও পারিপার্শ্বিক ইন্ডাস্ট্রিয়াল ইকোনোমিক জোনে ৩৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ২৪ ইঞ্চি ব্যাসের ৬ কিলোমিটার ও ১৬ ইঞ্চি ব্যাসের ৬ কিলোমিটার পাইপলাইন, ১৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ১০ ইঞ্চি ব্যাসের ১৩ কিলোমিটার, ১৫০ পিএসআইজি চাপবিশিষ্ট ৮ ইঞ্চি ব্যাসের ৭ কিলোমিটার পাইপলাইন, ৪টি ভাল্ভ স্টেশন ও প্রতিটি ৫০ এমএমএসসিএফডি ক্ষমতার ২টি ডিআরএস এবং আনুষঙ্গিক পূর্ত কার্যাদিসহ ডিপোজিটরি ওয়ার্ক হিসেবে গ্যাস নেটওয়ার্ক স্থাপন।

- মহেশখালী থানার অন্তর্গত মাতারবাড়ীতে সিপিজিসিবিএল কর্তৃক বাস্তবায়নাধীন ৫০০-৬০০ মেগাওয়াট আরএলএনজি বেইজড্ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্টে গ্যাস সরবরাহের জন্য ৩৫০ পিএসআইজি চাপ বিশিষ্ট ২০ ইঞ্চি ব্যাসের ০.৫ কিলোমিটার গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ এবং প্রকল্পের অভ্যন্তরে ২০০ এমএমএসসিএফডি আরএমএস স্থাপন কাজ।
- বেজার আওতাধীন মহেশখালী অর্থনৈতিক অঞ্চল-৩, এসপিএল পেট্রোকেমিক্যাল কমপ্লেক্স লিমিটেড এ গ্যাস সরবরাহের জন্য ৩৫০ পিএসআইজি চাপ বিশিষ্ট ২৪ ইঞ্চি ব্যাসের ০.৫ কিলোমিটার গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ এবং প্রকল্পের অভ্যন্তরে ১৫০ এমএমএসসিএফডি আরএমএস স্থাপন কাজ।
- জিটিসিএল কর্তৃক নির্মিত ৩৬" ব্যাসের লাইনের বড়তাকিয়া এলাকাস্থ অফটেক হতে বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প নগরস্থ অর্থনৈতিক অঞ্চল পর্যন্ত জমি অধিগ্রহণপূর্বক ৩০" ব্যাসের ১১ কিলোমিটার পাইপলাইন নির্মাণ, ৫০০ এমএমএসসিএফডি ক্ষমতার সিজিএস স্থাপন, সিজিএস-এর আউটলেট হতে ২৪" ব্যাসের ২০ কিলোমিটার পাইপলাইন নির্মাণ এবং ৫০ এমএমএসসিএফডি ক্ষমতার ৪টি ডিআরএস স্থাপন।

## (১৫) ভবিষ্যৎ চ্যালেঞ্জ এবং উত্তরণের উপায়

| ভবিষ্যৎ চ্যালেঞ্জ | সম্ভাব্য উত্তরণ |
|---|---|
| গ্যাসের চাহিদার বিপরীতে গ্যাস/RLNG সরবরাহ/প্রাপ্যতা নিশ্চিতকরণ। | পেট্রোবাংলার মাধ্যমে গ্যাস/RLNG সরবরাহ/প্রাপ্যতা নিশ্চিত করা। |
| মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে গ্যাসের চাহিদার আলোকে গ্যাস সরবরাহ নিশ্চিতকরণ। | মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে গ্যাস সরবরাহ করণের লক্ষ্যে কোম্পানির নিজস্ব অর্থায়নে **আপগ্রেডেশন প্রকল্পের মাধ্যমে** ০১টি সিজিএস, ০২টি এইচপি-ডিআরএস **এবং ১৪.৪৮** কিঃমিঃ পাইপ লাইন নির্মাণ করা হয়েছে। বর্তমানে গ্রাহক পর্যায়ে পাইপলাইন নির্মাণের কাজ চলমান আছে। মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে গ্যাসের ব্যাপক চাহিদা রয়েছে। চাহিদা অনুযায়ী গ্যাস/RLNG সরবরাহ/প্রাপ্যতা পাওয়া গেলে মিরসরাই ইকোনমিক জোন এ পর্যাপ্ত গ্যাস সরবরাহ করা সম্ভব হবে। |
| কোম্পানির বিতরণ নেটওয়ার্কের পাইপ লাইনসমূহ দীর্ঘ ব্যবহারজনিত কারণে ও লাইনের তুলনায় গ্রাহক প্রান্তে গ্যাসের চাহিদা দিন দিন বৃদ্ধি পাওয়ার পাশাপাশি ভবিষ্যৎ চাহিদার আলোকে পাইপ লাইন চিহ্নিতকরণ এবং পরিবর্তন/ আপগ্রেডেশন করণ। | বিতরণ নেটওয়ার্কের পাইপ লাইনসমূহ আপগ্রেডেশন প্রকল্পের মাধ্যমে পরিবর্তন করা হচ্ছে এবং ভবিষ্যতেও পাইপ লাইনসমূহ পরিবর্তনের বিভিন্ন প্রকল্প গ্রহণ করা যেতে পারে। |
| গ্যাস নেটওয়ার্ক সিস্টেম ডিজিটালাইজেশন। | গ্যাস নেটওয়ার্ক সিস্টেম ডিজিটালাইজেশন করণের লক্ষ্যে জাইকা কর্তৃক " The Project for Gas Network System Digitalization & Improvement of operational efficiency in Gas Sector in Bangladesh" শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। |
| কোম্পানির বৃহৎ গ্যাস স্থাপনা সমূহ (যেমন-ডিআরএস ও বাল্ক সিএমএস) দীর্ঘ ব্যবহার জনিত কারণে দক্ষতা হ্রাস পাওয়ার বিষয়টি চিহ্নিতকরণ, ক্ষমতা বৃদ্ধিকরণ ও আধুনিকরণসহ অটোমেশনের আওতায় নিয়ে আসা। | গ্যাস স্থাপনাসমূহ অটোমেশন করণের লক্ষ্যে পেট্রোবাংলা কর্তৃক নিজস্ব অর্থায়নে "Consultancy Services for Implementing the Automation of Gas Transmission and Distribution Pipeline Networks under different companies of Petrobangla" শীর্ষক প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। |
| গ্যাসের অপচয় রোধ ও আধুনিক বিলিং সিস্টেম চালুর লক্ষ্যে কোম্পানির সকল শ্রেনির গ্রাহকদের আঙ্গিনায় প্রিপেইড গ্যাস মিটার স্থাপন। | ন্যাচারাল গ্যাস ইফিসিয়েন্সি প্রকল্পের আওতায় ৬০,০০০ সংখ্যক আবাসিক গ্রাহকের আঙ্গিনায় প্রিপেইড গ্যাস মিটার স্থাপন করা হয়েছে। বর্তমানে কোম্পানির নিজস্ব অর্থায়নে প্রকল্পের মাধ্যমে এক লক্ষ প্রি-পেইড মিটার স্থাপন করা হচ্ছে। এছাড়া, কেজিডিসিএল এর অবশিষ্ট আবাসিক গ্রাহকগণের আঙ্গিনায় ৪৩৫০০০ সংখ্যক প্রি-পেইড মিটার স্থাপনের উদ্যোগ গ্রহন করা হয়েছে। |

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,**

উপস্থাপিত প্রতিবেদনে আমি ২০২৩-২৪ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের একটি সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপনের চেষ্টা করেছি। বিগত সময়ে কোম্পানি বিভিন্ন ক্ষেত্রে যে সফলতা অর্জন করেছে তা সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর, বিভিন্ন অংশীজন, ব্যবসায়ী সমাজ, সর্বোপরি পেট্রোবাংলার সার্বিক সহযোগিতা এবং কোম্পানির সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারিদের কঠোর পরিশ্রম, দক্ষতা, আনুগত্য, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের ফলেই সম্ভব হয়েছে। এ জন্য আমি পরিচালকমণ্ডলীর পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

**সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,**

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ১৫তম বার্ষিক সাধারণ সভায় যোগদান করার জন্য এবং ২০২৩-২৪ অর্থবছরে কোম্পানির সার্বিক কার্যক্রমের ওপর প্রণীত পরিচালকমণ্ডলীর প্রতিবেদনের অন্তর্ভুক্ত বিষয়ে মতামত প্রদানের জন্য সকলকে পুনরায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

পরিশেষে আমি কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য কামনা করছি।

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।

১৫/১০/২০২৪
মোঃ শাহ আলম মোল্লা
উপ-মহাব্যবস্থাপক (হিসাব)
হিসাব ডিপার্টমেন্ট
কেজিডিসিএল, ষোলশহর, চট্টগ্রাম।

Engr. Md. Aminur Rahman
General Manager (Operation)
KGDCL, Chattogram